সংবাদ

তারিখ 29 AUG 2017 পৃঃ ১০ কলাম ১

### বদলগাছী আবু তাসির প্রা. স্কুল

# ৭ বছরেও সরকারি তালিকাভুক্ত হয়নি!

## মানবেতর জীবনে শিক্ষকরা

**প্রতিনিধি, বদলগাছী (নওগাঁ)**

প্রতি শিশুর প্রাথমিক শিক্ষার মাধ্যমে শিক্ষা জীবন শুরু হয়। আর এই শিক্ষা থেকে মনুষ্যত্বের বীজ রোপিত হয় প্রাথমিক বিদ্যালয়ে শৈশবে কাটানো দিন থেকেই। বাংলাদেশে এখন প্রায় ৮২,৮৬৪টি প্রাথমিক বিদ্যালয়ের মাধ্যমে বর্তমান সরকার শিক্ষা প্রসারের কাজ চালিয়ে যাচ্ছে। সরকারি-বেসরকারি সকল প্রাথমিক বিদ্যালয়ের মূল উদ্দেশ্য দেশে শিক্ষার মান বৃদ্ধি ও নিরক্ষতা দূর করা। আর এই শিক্ষার সম্প্রসারণ ঘটলে শিক্ষিত জাতি গঠন করা সম্ভব হয়। আর এই শিক্ষা প্রতিষ্ঠানগুলো দেশের বিভিন্ন স্থানে বিভিন্নভাবে গড়ে উঠেছে। যে সকল এলাকায় সরকারি শিক্ষা প্রতিষ্ঠান নেই সেখানে গড়ে ওঠেছে ব্যাক্তি ও এলাকাবাসীর প্রচেষ্টায় বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান। নওগাঁ জেলার বদলগাছী উপজেলার কোলা ইউপির আদিত্যপুর গ্রামে "আবু তাসির বেসরকারি প্রাথমিক বিদ্যালয়" এমনিই একটি শিক্ষা প্রতিষ্ঠান। ২০১০ সালে স্থাপিত এই প্রতিষ্ঠানটি গ্রাম্য দরিদ্র ছাত্র-ছাত্রীদের মাঝে শিক্ষা প্রসারের কাজ করে চলেছে ৪ জন শিক্ষক। বিদ্যালয়টি স্থাপন ও চালুর অনুমতির জন্য ১৯ জুলাই ২০১১ প্রথমিক শিক্ষা অধিদপ্তরে কাগজপত্রাদি জমাও দিয়া হয়। যার স্মারক নং জে প্রশিঅ/ নও/১৪৩৪/৪ তারিখ ৩০/৬/১১ সেই আলোকে ৭ ডিসেম্বর ২০১১ইং তারিখে ৩৫ তম প্রথমিক শিক্ষা অধিদপ্তরের সভায় উপস্থাপিতও হয়। এবং আবু তাসির প্রথমিক বিদ্যালয়ের কর্তৃক ১৫০ টাকা নন-জুডিশিয়াল স্টাপে একটি অঙ্গীকার নামা ও স্কুলের ছবি চাওয়া হয়। চাহিদা মোতাবেক জেপ্রশিঅ/নও/২০১২/১০৭২/১ নং স্মারকে ২৫/৪/২০১২ইং তারিখে শিক্ষা অধিদপ্তওে সেটি জমাও দেওয়া হয়। কিন্তু ৩৬ তম সভার আগেই মাননীয় প্রাধানমন্ত্রী ২৭ মে ২০১২ এর পূর্বে স্থাপন ও চালুর অনুমতির জন্য জমাকৃত বিদ্যালয়গুলোকে জাতীয়করণের ঘোষণা দেন। কিন্তু দুর্ভাগ্যক্রমে সেই সময়ে আবু তাসির প্রাথমিক বিদ্যালয়টি বাদ পড়ে যায়। শিক্ষা অধিদপ্তর সূত্রে জানা যায়, মাননীয় প্রধানমন্ত্রীর ঘোষণা মোতাবেক ৩৫ তম সভায় উপস্থাপিত নওগাঁ জেলার আবু তাসির প্রাথমিক বিদ্যালয় সহ ৩টি বিদ্যালয় ৩য় ধাপে ৯৬০টি বিদ্যালয়ের মধ্যে তালিকাভুক্তি করার জন্য ২৫/২/১৩ ইং তারিখে ২৭নং স্মারকে শিক্ষা অধিদপ্তর থেকে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ে একটি আদেশ প্রদান করেন। পরবর্তীতে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ে উপ-সচিব আবুল কালাম এর স্বাক্ষরিত অফিস আদেশ যাহার স্মারক নং- ৩৮,০০৭,০১৫,০,০০,১৪.০০,২০১৩-৪৯৯ এর আলোকে ওই মন্ত্রণালয়ের প্রকল্প পরিচালক দারিদ্র্যপীড়িত এলাকায় স্কুলফিড প্রোগ্রাম ডিপিই বাবুল কুমার সাহা ১৯ জানুয়ারি ২০১৪ইং তারিখে আবু তাসির বেসরকারি প্রাথমিক বিদ্যালয়সহ নওগাঁ জেলার ১১টি বিদ্যালয় পরিদর্শন করেন। তার পর সারা বাংলাদেশে ৫৩৩টি বিদ্যালয় জাতীয়করণ করা হয়। ওই সময় অজ্ঞাত কারণে আবু তাসির প্রাথমিক বিদ্যালয়টি জাতীয়করণ থেকে বাদ পড়ে। পরবর্তীতে গত ২৬/২/২০১৫ইং তারিখে উপসচিব মোঃ কেরামত আলী স্বাক্ষরিত যাচাই বাচাই কমিটি কর্তৃক পুনঃতদন্তের নির্দেশ দেন এবং চিঠির মন্তব্য কলামে উল্লেখ করা হয় আবু তাসির বিদ্যালয়টি তালিকাভুক্ত নয়। বিদ্যালয় কর্তৃপক্ষ জানান, শিক্ষা অধিদপ্তরের চাহিদা মোতাবেক সকল কাগজপত্রাদি যথা সময়ের মধ্যে উপস্থাপন করা হলেও তালিকাভুক্তি না হওয়ার করণটি রহস্যজনক বিধায় বিদ্যালয়টি জাতীয়করণ থেকে বাদ পরেন। এলাকায় শিক্ষা সম্প্রসারণের কথা চিন্তা করে স্কুলের সভাপতি ফরিদা খানম স্কুল স্থাপনের জন্য ৩৩ শতক জমি প্রদান করেন। সেখানে বর্তমানে সর্ব মোট ১৫৫ শিক্ষার্থী প্রতিষ্ঠানটিতে শিক্ষা গ্রহণ করছে।

বিনা পারিশ্রমিকে শিক্ষকরা ৭ বছর ধরে প্রতিষ্ঠানটিতে পাঠ দান করে চলছে। যারা পাঠদান করছেন তারা হলেন প্রধান শিক্ষক উপজেলার ইসমাইলপুর গ্রামের শামীম হোসেন, সহকারী শিক্ষিকা শারমীন সুলতানা, আদিত্যপুর গ্রামের রহিমা খাতুন (বকুল) ও ভান্ডারপুর গ্রামের চম্পা রানী। সরজমিনে বিদ্যালটিতে গেলে শিক্ষক/শিক্ষিকারা জানান, ৭ বছর ধরে তারা বিদ্যালয়টিতে শিক্ষকতা করছেন কিন্তু কোন বেতন ভাতা না থাকায় বা কোন সরকারি সুবিধাদি না পাওয়ায় পরিবার পরিজন নিয়ে অতি কষ্টে জীবনযাপন করছেন। বিদ্যালয়ের প্রধান শিক্ষক শামীম হোসেন জানান, ২০১১ ইং সালে বিদ্যালয়টি প্রতিষ্ঠালগ্ন থেকে শিক্ষার্থীরা নিয়মিত শিক্ষা সমাপনীতে অংশগ্রহণ করে আসছে এবং পাসের হার শতভাগ রয়েছে। এ বিষয়ে উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার সানাউল হাবিব বলেন, আবু তাসির প্রাথমিক বিদ্যালয়টি শিক্ষারমান অনুযায়ী জাতীয়করণ করার প্রয়োজন বলে আমি মনে করি।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.....
তারিখ.....
পরিসংখ্যান বিভাগ
ডি.এল.পি বিভাগ
সিস্টেম এনালিস্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/অবগতার্থে